

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ৬১

💵 আরবি মূল আয়াত:

قَالُوا فَاتُوا بِهِ عَلَى اَعِيُنِ النَّاسِ لَعَلَّهُم يَشْهَدُونَ ﴿٢٩﴾

🗚 অনুবাদসমূহ:

তারা বলল, 'তাহলে তাকে লোকজনের সামনে নিয়ে এসো, যাতে তারা দেখতে পারে'। — আল-বায়ান তারা বলল, 'তাকে নিয়ে এসো লোকজনের সামনে যাতে তারা সাক্ষী হতে পারে।' — তাইসিরুল তারা বললঃ তাকে উপস্থিত কর লোক সম্মুখে, যাতে তারা সাক্ষ্য দিতে পারে। — মুজিবুর রহমান They said, "Then bring him before the eyes of the people that they may testify." — Sahih International

- ৬১. তারা বলল, তাহলে তাকে জনসমক্ষে উপস্থিত কর, যাতে তারা সাক্ষ্য হয়।(১)
 - (১) এভাবে ইবরাহীমের মনের আশাই যেন পূরণ হলো। কারণ তিনি এটাই চাচ্ছিলেন। ব্যাপারটিকে তিনি শুধু পুরোহিত ও পূজারীদের মধ্যে সীমাবদ্ধ রাখতে চাচ্ছিলেন না। বরং তিনি চাচ্ছিলেন, ব্যাপারটা সাধারণ মানুষের মধ্যেও ছড়িয়ে পড়ুক। তারাও আসুক, দেখে নিক এই যে মূর্তিগুলোকে তাদের অভাব পূরণকারী হিসেবে রাখা হয়েছে এরা কতটা অসহায় এবং স্বয়ং পুরোহিতরাই এদের সম্পর্কে কি ধারণা পোষণ করে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৬১) তারা বলল, 'তাকে লোক সম্মুখে উপস্থিত কর, যাতে তারা সাক্ষয় দিতে পারে।' [1]
 - [1] অর্থাৎ, যাতে তারা তার শাস্তি প্রত্যক্ষ করতে পারে; যাতে ভবিষ্যতে এ কাজ করতে কেউ সাহস না পায়। অথবা এর অর্থঃ যাতে লোকেরা সাক্ষী দিতে পারে যে, তারা তাকে মূর্তিগুলো ভাঙ্গতে দেখেছে বা ওদের বিরুদ্ধে কথা বলতে শুনেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2544

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন